

মহাকর্ষের গল্প

আপেল পড়া আর গ্রহের চলন থেকে কৃষ্ণগহ্বর ও মহাকর্ষীয় তরঙ্গ

মহাকর্ষের প্রভাব নানা জায়গায় --- আকাশে সূর্য চাঁদ বা গ্রহদের চলা, জোয়ারভাটা, গ্রহণ, আরো কত। পৃথিবীর আদিমতম মানুষও এসব দেখে বিস্ময়ে অভিভূত হয়েছে। অথচ মহাকর্ষের মূল নিয়ম বের করতে অপেক্ষা করতে হয়েছে দীর্ঘদিন, তার জন্যে দরকার হয়েছে বহুদিনের নিখুঁত পর্যবেক্ষণ আর সার আইজাক নিউটনের অসামান্য প্রতিভা। আরো দু শতাব্দীরও পরে এসেছেন আলবার্ট আইনস্টাইন। তিনি মহাকর্ষের ধারণাটাকেই আমূল বদলে দিলেন, তাঁর হাতে জন্ম নিল মহাকর্ষের আধুনিক তত্ত্ব। আইনস্টাইনের কিছু ভবিষ্যদ্বাণী, যা তখনকার দিনে রীতিমত অদ্ভুত শোনাত, সম্প্রতি পরীক্ষায় প্রমাণিত হয়েছে। আর এই একুশ শতাব্দীতে আমরা এক নতুন জ্যোতির্বিদ্যার যুগে পা রাখতে চলেছি --- যেখানে আলোকতরঙ্গ না ব্যবহার করেও জ্যোতির্বিদ্যা সম্ভব। এই অসাধারণ যাত্রার কথাই আপনাদের বলব, খুব সংক্ষেপে, গল্পের আকারে।